**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.shniyd.gov.bd

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ৫ দিন ব্যাপী ১২-১৬ জুন ২০২৩ যুব মতবিনিময় ২০২৩ কর্মসূচির

# প্রতিবেদন

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় যুব উন্নয়ন বিষয়ক কার্যক্রম এদেশে উন্নয়ন মাত্রার গতি নির্ধারক। যুবদের উদ্যোগ ও উদ্ভাবনী ক্ষমতার সঠিক বিকাশ ও কার্যক্ষেত্রে সর্বোত্তম ব্যবহারের জন্য প্রয়োজন পরিপুর্ণ শিক্ষা ও উপযুক্ত প্রশিক্ষণ। সেই লক্ষ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কাজ করে যাচ্ছে। যুবদের জন্য উচ্চ শিক্ষা, গবেষণা, কারিকুলাম প্রণয়ন, প্রশিক্ষণ প্রদান, যুব কর্মের অভিঘাত বিশ্লেষণ (impact analysis) চিন্তা-কেন্দ্র (think-tank) হিসেবে দায়িত্ব পালন, একাডেমিক ডিগ্রি, ডিপ্লোমা, সনদ বা উপাধি প্রদান, সেমিনার, কর্মশালা, যুব সমাবেশ, যুব মতবিনিময় ইত্যাদি আয়োজন ইনস্টিটিউটের প্রধান কাজ। সে মতে ১২-১৬ জুন ২০২৩ তারিখ ৫(পাঁচ)দিন ব্যাপী যুব মতবিনিময়-২০২৩ কর্মসূচি আয়োজন করা হয়। অংশগ্রহণকারী মনোনয়ন প্রক্রিয়া নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| ০১ | অংশগ্রহণকারী | : | ২০০ জন |
| ০২ | অংশগ্রহণকারীর ধরণ | : | প্রতি জেলা হতে ২ জন করে -১২৮ জন (যুব-যুবনারী ও উদ্যোক্তা) |
| | | : | যুব সংগঠনের প্রতিনিধি- ২৫ জন |
| | | : | জাতীয় যুব পুরুষ্কার প্রাপ্ত – ১০ জন |
| | | : | ইনস্টিটিউট কর্তৃক মনোনীত ২৫ জন |
| | | : | উদ্যোক্তা- ১২ জন |
| | | : | |

## প্রথম দিবস (১২/০৬/২০২৩)

১ম দিবসে অংশগ্রহণকারীদের রেজিষ্ট্রেশন ও আবাসিক কক্ষ বরাদ্দ প্রদানের মাধ্যমে কর্মসূচি শুরু হয়। এর পর বিকাল ৫দিন ব্যাপী কর্মসূচির ওরিয়েন্টেশন ও বিভিন্ন ব্যবস্থাপনা বিষয়ক ৭টি কমিটি গঠন করা হয়। সন্ধ্যায় যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্ভাবন ধারণা (বেকারমুক্ত গ্রাম সৃজন) বিষয় উপস্থাপন করেন জনাব শাহীনুর রহমান, উপপরিচালক(দা:বি: ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর।

## দ্বিতীয় দিবস (১৩/০৬/২০২৩ )

সকালে জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে, পায়রা অবমুক্ত ও বেলুন উড়িয়ে যুব মতবিনিময় ২০২৩ এর উদ্বোধন ঘোষণাা করা হয়। উক্ত মতবিনিময়- ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের রেজিষ্ট্রার জনাব মো: রফিকুল ইসলাম। তিনি স্বাগত বক্তব্যে যুব মতবিনিময়ের উদ্দেশ্য সম্পর্কে ধারণা প্রদান করেন। পরস্পরিক মতবিনিময়, কর্মসংস্থানের উদ্যোগ ও প্রতিবন্ধকতা বিষয়ে উম্মুক্ত আলোচনার মাধ্যমে যুবদের আরও বেশী উদ্যোগী হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

অংশগ্রহণকারীদের মধ্য হতে বক্তব্য রাখেন জনাব রাতুল রহমান, বাগেরহাট জেলা, জনাব ইভানা আক্তার (কৃষিবিদ), কিশোরগঞ্জ জেলা, ঢাকা, শরবাত হোসেন রুবেল, গাজীপুর জেলা ও জনাব নুসরাত জাহান, ব্রাহ্মণবাড়িয়া জেলা যুব প্রতিনিধি। তারা তাদের সফলতার কাহিনী বক্তৃতার মাধ্যমে তুলে ধরেন। তাদের সফলতার কাহিনী শুনে উপস্থিত সকলেই অভিবাদন জানান।

ঝুমুর রায়
সহকারী পরিচালক (গবেষণা)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা

কামরুন নাহার
উপ পরিচালক (প্রশাঃ ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ এবং জনাব আজহারুল ইসলাম খান, মাহপরিচালক(গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটর এর মহাপরিচালক(অ.দা) জনাব নজরুল ইসলাম

একই দিনে **"স্মার্ট বাংলাদেশ বিনির্মানে যুব সমাজের ভূমিকা"** বিষয়ে কি-নোট পেপার উপস্থাপন করেন ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর, প্রকল্প পরিচালক (এটুআই)। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ডা. মোঃ জহিরুল ইসলাম, উপসচিব (যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং জনাব মোহাম্মদ রাশেদুল ইসলাম, সচিব, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল। মডারেটর হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: নজরুল ইসলাম, মহাপরিচালক (অ.দা.) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

## তৃতীয় দিবস (১৪/০৬/২০২৩)

কর্মসূচির ৩য় দিনে স্ব স্ব বিভাগ/জেলার যুব কর্ম, ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতি বিষয়ে অংশগ্রহণকারীগণ উপস্থাপন করেন। ঐদিন বেলা ৩.০০ টা **"মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু, ডেল্টা প্ল্যান"** বিষয়ে কী- নোট পেপার উপস্থাপন করেন **জনাব মো: সাবিরুল ইসলাম,** বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন **মো: ওমর ফারুক,** প্রেসিডেন্ট, বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অফ জার্নালিষ্ট ও উপ-প্রধান বার্তা সম্পাদক (বিএসএস) এবং জনাব মো: খোরশেদ আলম, যুগ্ম প্রধান (ডেল্টা অনুবিভাগ), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা। মডারেটর হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: রফিকুল ইসলাম, রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। বিকাল ৫.০০ টায় অংশগ্রহণকারীদের অংশগ্রহণে খেলাধুলা প্রীতি ভলিবল প্রতিযোগিতা ও মিউজিক্যাল বলের আয়োজন করা হয়।

সন্ধ্যায় **"যুব উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের নীতি"** বিষয়ে আলোচনা অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন **জনাব মোহাম্মদ রোকনুজ্জামান,** অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এবং **"যুব সমাজের পাঠ্যভ্যাসের প্রয়োজনীয়তা"** বিষয়ে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন **জনাব উজ্জল হোসেন,** ডেপুটি টিম লিডার (মনিটরিং ও রির্পোটিং), পাঠ্যভ্যাস উন্নয়ন কর্মসূচি।

## চতুর্থ দিবস (১৫/০৬/২০২৩)

কর্মসূচির ৪র্থ দিনে **"বাংলাদেশের পর্যটন শিল্পের উন্নয়নে যুবদের ভূমিকাই মূখ্য"** বিষয়ে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। দুইটি দলে ১০ জন বিতার্কিক অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় মূখ্য বিচারক হিসেবে উপস্থিত ছিলেন ড. এ টি এম আতিকুর রহমান, অধ্যাপক, ইতিহাস বিভাগ, জাহাঙ্গীনগর বিশ্ববিদ্যালয় এবং ইনস্টিটিউটের ৪(চার) জন কর্মকর্তা বিচারকের দায়িত্ব পালন করেন। বিতর্কের বিষয়ে বিপক্ষের দল জয়যুক্ত হন এবং সেরা বিতার্কিক হিসেবে বিবেচিত হন জনাব মোহাম্মদ নুরুদ্দিন, হবিগঞ্জ জেলা।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **ড. মোঃ এনামুর রহমান,** এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: রফিকুল ইসলাম, রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। অনুষ্ঠানের সভাপতিত্ব করে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের এর মহাপরিচালক (অ.দা) জনাব নজরুল ইসলাম।

ঝুমুর রায়
সহকারী পরিচালক (গবেষণা)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা

কামরুন নাহার
উপ পরিচালক (প্রশাঃ ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।

এছাড়াও প্যানেল ডিসকাশন (নৈতিকতার সাথে ব্যবসা পরিচালনা, মাদক ও শুদ্ধাচার) করেন **জনাব হোসেন আলী খোন্দকার,** অতিরিক্ত সচিব (আইন অনুবিভাগ)(অতিরিক্ত দায়িত্ব: সমন্বয়কারী তামাক নিয়ন্ত্রণ সেল) এবং মহাপরিচালক, (অটিজম সেল) স্বাস্থ্য সেবা বিভাগ; স্বাস্থ্য মন্ত্রণালয় ।

## পঞ্চম দিবস (১৬/০৬/২০২৩)

কর্মসূচির ৫ম দিনে অংশগ্রহণকারীগন যুব মতবিনিময়-২০২৩ কর্মসূচি সম্পর্কে অনুভূতি ও অভিজ্ঞতা উপস্থাপন করেন। এছাড়াও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. জাহাঙ্গীর আলম, মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, তথ্য মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একেএম নুরুন্নবী কবির, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা বিভাগ। কর্মসূচির কি-নোট উপস্থাপন ও আলোচকদের আলোচনার প্রেক্ষিতে উপস্থিত যুব ও যুবনারীগণ বিভিন্ন প্রশ্ন উপস্থাপন করেন এবং সার্বিক কর্মসূচির উপর সুপরিশমালা উপস্থাপন করেন। উপস্থাপিত এবং প্রাপ্ত সুপরিশমালা হতে যাচাই বাছাই করে একটি পূর্ণাঙ্গ সুপারিশমালা নির্ধারণ করা হয়েছে। যা নিম্নরুপঃ

১. যুব মতবিনিময় অনুষ্ঠান দেশের ঐতিয্যবাহী এলাকা গুলোতে আয়োজন করা;
২. যুব মতবিনিময় অনুষ্ঠান দেশের ৫০০ জন যুব ও যুবনারীদের অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি করা। প্রতি জেলা হতে নূন্যতম ৫ জন যুব ও নারী অংশগ্রহণ করতে পারে;
৩. আসা যাওয়া ব্যতীত নূন্যতম ৫ দিনসহ ৭দিন অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা করা;
৪. অনুষ্ঠানে যুব কাউন্সিলের সকল সদস্যকে রাখার ব্যবস্থা করতে হবে;
৫. অনুষ্ঠানটি শীতকালে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা;
৬. ইনস্টিটিউটের প্রশিক্ষনার্থীদের একটি ডাটাবেজ তৈরি করা;
৭. পুরস্কারপ্রাপ্ত যুবদের সফলতার গল্প ভিডিও চিত্রের মাধ্যমে উপস্থাপনের মাধ্যমে যুবদের উদ্বুদ্ধ করা;
৮. জলবায়ু সমস্য নিরসন ও প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় যুবদের উদ্বুদ্ধকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৯. সামাজিক কল্যাণমূলক কাজে যুবদের ভূমিকা শীর্ষক আলোচনা করার ব্যবস্থা করা;
১০. সার্বক্ষনিক প্রয়োজনীয় চিকিৎসা সেবার ব্যবস্থা করা;
১১. শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে জাতীয় পর্যায়ের সাথে আন্তর্জাতিক পর্যায়ে মতবিনিময় অনুষ্ঠান আয়োজন করা;
১২. পুরানো তালিকাভুক্ত যুব সংগঠনগুলোকে পুনরায় নিবন্ধনের সুযোগ দেয়া;
১৩. মতবিনিময় অনুষ্ঠানে আগত সকলের উদ্যোগ/কার্যকর্মের উপর ৫ মিনিটের ডকুমেন্টরী উপস্থাপন ও প্রদর্শনের ব্যবস্থা করা এবং সেরা তিনজনকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ;
১৪. যুব মতবিনিময় কর্মসূচির উপ-কমিটিসমূহকে জবাবদিহিতার আওতায় আনয়ন;
১৫. প্রতি দিনের জন্য আলাদা টি-শার্টের ব্যবস্থা গ্রহণ করা।

সমগ্র বাংলাদেশ থেকে ২০০ জন যুবক ও যুবনারী প্রতিনিধি অংশগ্রহণের মাধ্যমে যুব মতবিনিময় অনুষ্ঠানটি সফল ভাবে সম্পন্ন হয়। যুবদের সফলতার কাহিনী, বাংলাদেশের প্রতিটি অঞ্চলের কৃষ্টি, কালচার, ঐতিহ্য ও সংস্কৃতি যুব মতবিনিময় এর মাধ্যমে যুবদের মধ্যে সম্পর্ক দৃঢ় হয় এবং সারা দেশের যুবরা একটি সংগঠনের রুপ নেয়। আগামীতে যুবদের জন্য করণীয় বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে এই যুব মতবিনিময় অনুষ্ঠান গুরুত্বপূর্ণ ভুমিকা রাখতে পারবে।

কুমুদ রায়
সহকারী পরিচালক (গবেষণা)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা

কামরুন নাহার
উপ পরিচালক (প্রশাঃ ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।

# যুব মতবিনিময়ের ছবি

























